রাজধানীর খিলগাঁও থানার ভেতরে ককটেল নিক্ষেপ



ছবি: সংগৃহীত

রাজধানীর খিলগাঁও থানার ভেতরে ককটেল নিক্ষেপের ঘটনা ঘটেছে। বুধবার (১১ নভেম্বর) রাত ৮টা ৫০ মিনিটের দিকে মোটরসাইকেলে করে থানায় ঢুকে নারী ডেস্কের পাশে ককটেল ছুড়ে পালিয়ে যান দুই ব্যক্তি।

পুলিশের প্রাথমিক তথ্য অনুযায়ী, দুই ব্যক্তি মোটরসাইকেলে থানার ভেতরে প্রবেশ করেন। পরে মোটরসাইকেল পার্কিংয়ের পাশে নারী ডেস্কসংলগ্ন স্থানে ককটেল নিক্ষেপ করে দ্রুত সেখান থেকে চলে যান তাঁরা।

ঘটনায় কেউ হতাহত হননি। থানার কোনো স্থাপনা বা সম্পদের ক্ষয়ক্ষতির খবরও পাওয়া যায়নি। ককটেল নিক্ষেপের পরপরই বিষয়টি ঊর্ধ্বতন কর্মকর্তাদের জানানো হয়।

খিলগাঁও থানার ডিউটি অফিসার উপপরিদর্শক (এসআই) মো. ফখরুল ইসলাম এশিয়া পোস্টকে বলেন, রাত ৮টা ৫০ মিনিটের দিকে থানার ভেতরে ককটেল নিক্ষেপ করে দুর্বৃত্তরা পালিয়ে যায়। এতে কেউ হতাহত হয়নি। ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে বিষয়টি জানানো হয়েছে। তাঁরা প্রয়োজনীয় পদক্ষেপ নিচ্ছেন।

LENS ASIA